

ইছলাম কী, ইছলাম বলতে কি বুঝায়?

ইছলাম হলো:- তাওহীদ তথা আল্লাহর (ﷻ) একত্ববাদের কথা মনে-প্রাণে স্বীকার করে তাঁর নিকট নিজেকে সম্পূর্ণরূপে সমর্পণ করা, তাঁর আনুগত্য করা এবং যাবতীয় শির্কী কার্যাবলী থেকে দূরে থাকা।

যেমন, কোরআনে কারীমে আল্লাহ ﷻ ইরশাদ করেছেন:-

بَلَىٰ مَنْ أَسْلَمَ وَجْهَهُ لِلَّهِ وَهُوَ مُحْسِنٌ فَلَهُ أَجْرُهُ عِنْدَ رَبِّهِ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ.^১

অর্থাৎ- হ্যাঁ, যে ব্যক্তি একনিষ্ঠ হয়ে সম্পূর্ণরূপে নিজেকে আল্লাহর নিকট সমর্পণ করে, তার প্রতিদান রয়েছে তার রাব্ব এর নিকট। আর তাদের কোন ভয় থাকবে না, আর না হবে তারা দুঃখিত।^২

১. سورة البقرة- ১১২

২. ছুরা আল বাকুরাহ- ১১২